২৩/৪/২০০৮
৩/৮

যায়যায়দিন

# প্রতিষ্ঠার ৮ বছর পর সিলেট বোর্ডের নিজস্ব ঠিকানা হচ্ছে

সিরাজুল ইসলাম

প্রতিষ্ঠার আট বছর পর নিজস্ব ঠিকানা হচ্ছে সিলেট শিক্ষা বোর্ডের। সিলেট নগরীর দক্ষিণ সুরমা আলমপুরে নির্মিত হচ্ছে সিলেট বোর্ডের নিজস্ব প্রশাসনিক ভবন। এজন্য ব্যয় ধরা হয়েছে ৫ কোটি ১৪ লাখ টাকা। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল আনুষ্ঠানিকভাবে এ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

২০০১ সালে সিলেট শিক্ষা বোর্ডের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। সে সময় বোর্ডের জন্য উপশহর এলাকায় একটি বাড়ি ভাড়া নেয়া হয়। স্থান সঙ্কুলান না হওয়ায় উপশহর এলাকায় দুই দফায় শিক্ষা বোর্ডের ভবনের পরিবর্তন করা হয়। এখনো ভাড়া করা বাড়িতেই চলছে শিক্ষা বোর্ডের কার্যক্রম। এজন্য বোর্ডকে প্রতি মাসে মোটা অঙ্কের ভাড়া গুনতে হচ্ছে।

এ অবস্থায় বিগত সরকারের আলমপুরে সিলেট শিক্ষা বোর্ডের জন্য চার একর জমি বরাদ্দ দেয়া হয়। ক্ষমতা শেষ হওয়ার আগ মুহূর্তে সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমান শিক্ষা বোর্ডের নিজস্ব ভবন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। কিন্তু প্রয়োজনীয় তহবিলের অভাবে ভবন নির্মাণ কাজ শুরু করা যায়নি। এ প্রকল্প সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. এস এম আবদুল খালেক শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে দফায় দফায় যোগাযোগ করেন। অনেক চিঠি চালাচালি ও প্রচেষ্টার পর অবশেষে এ প্রকল্পের কাজ শুরুর অনুমোদন দেয় শিক্ষা মন্ত্রণালয়। এর ধারাবাহিকতায় গতকাল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. এস এম আবদুল খালেক জানান, প্রাথমিকভাবে ভবনের চতুর্থ তলা পর্যন্ত কাজ সম্পন্ন হবে। শিক্ষা বোর্ডের নিজস্ব অর্থায়নে প্রকল্পের কাজ শুরু করা হয়েছে। সিলেট শিক্ষা বোর্ডের অধীন ৭০০ স্কুল ও ১৩১টি কলেজ থেকে এ প্রকল্পের অর্থ জোগান দেয়া হচ্ছে। এতোদিন জমি জটিলতা ও তহবিল সঙ্কটের কারণে শিক্ষা বোর্ডের ভবনের নির্মাণ কাজ শুরু করা যায়নি বলে মন্তব্য করেন তিনি।

এদিকে প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, আমরা আশাবাদী খুব দ্রুত কাজ শেষ হবে। তিনি আরো বলেন, শিক্ষাঙ্গনে কোনো অরাজকতা ও অনিয়ম সহ্য করা হবে না। যে কোনো পরিস্থিতি কঠোর হাতে দমন করা হবে। এ সময় সংসদ সদস্য মাহমুদ উস সামাদ কয়েস, শফিকুর রহমান চৌধুরী, বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর ড. আবদুল আজিজ, সিলেটের বিভাগীয় কমিশনার ড. জাফর আহমদ খান, সিলেটের জেলা প্রশাসক সাজ্জাদ হাসান, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. আবদুল খালিক, গোলাপগঞ্জ পৌর মেয়র চেয়ারম্যান জাকারিয়া আহমদ পাপলু প্রমুখ উপস্থিত ছিলেন। বিকালে শিক্ষামন্ত্রী বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি সিলেট জেলা ও মহানগর শাখা আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন।